

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৯০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৮]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ উপস্থিত ব্যক্তি অনুপস্থিত ব্যক্তিকে জ্ঞানের কথা জানিয়ে দিবে

بَابُ لِيُبَلِّغُ الْعِلْمَ الشَّاهِدُ الْغَائِبُ

আরবী

— عَنْ أَبِي شُرَيْحٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ الْغَدَ مِنْ يَوْمِ الْفَتْحِ، يَقُولُ قَوْلًا، سَمِعْتُهُ أَذْنَانِي وَوَعَاهُ قَلْبِي وَأَبْصَرَتْهُ عَيْنَانِي حِينَ تَكَلَّمَ بِهِ حَمْدَ اللَّهِ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ إِنَّ مَكَّةَ حَرَّمَهَا اللَّهُ وَلَمْ يُحَرِّمْهَا النَّاسُ فَلَا يَحِلُّ لَامْرِئٍ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ أَنْ يَسْفَكَ بِهَا دَمًا، وَلَا يَعْضِدَ بِهَا شَجَرَةً، فَإِنْ أَحَدٌ تَرَخَّصَ لِقِتَالِ رَسُولِ اللَّهِ فِيهَا، فَقُولُوا: إِنَّ اللَّهَ قَدْ أَذِنَ لِرَسُولِهِ وَلَمْ يَأْذِنْ لَكُمْ، وَإِنَّمَا أَذِنَ لِي فِيهَا سَاعَةً مِنْ نَهَارٍ، ثُمَّ عَادَتْ حُرْمَتُهَا الْيَوْمَ كَحُرْمَتِهَا بِالْأَمْسِ، وَلِيُبَلِّغُ الشَّاهِدُ الْغَائِبُ. (بخارى: ১০০)

বাংলা

৯০) আবু শুরাইহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ মক্কা বিজয়ের পরের দিন আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে একটি কথা বলতে শুনেছি। কথাটি আমার দুই কান শুনেছে এবং আমার অন্তর তা হেফাজত করে রেখেছে। তিনি যখন কথা বলেছেন তখন আমার দুই চক্ষু তাঁকে দেখেছে। প্রথমে তিনি আল্লাহর প্রশংসা করলেন এবং তাঁর গুণাগুণ বর্ণনা করলেন। অতঃপর বললেনঃ পবিত্র মক্কা নগরীকে আল্লাহ তা'আলা হারাম করেছেন। মানুষেরা তা হারাম করেনি। সুতরাং যে ব্যক্তি আল্লাহর প্রতি এবং পরকালের প্রতি ঈমান রাখে তাঁর জন্য তথায় কোন রক্তপাত করা কিংবা তথাকার কোন বৃক্ষ কাটা বৈধ নয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তথায় যুদ্ধ করেছেন- এই বলে যদি কেউ মনে করে তথায় যুদ্ধ করার অনুমতি আছে তাহলে তোমরা তাকে বলঃ আল্লাহ তা'আলা তাঁর রাসূলকে যুদ্ধের অনুমতি দিয়েছিলেন আর তোমাদেরকে অনুমতি দেয়া হয়নি। আমার জন্য শুধু দিনের একটি নির্দিষ্ট অংশে অনুমতি দেয়া হয়েছিল। অতঃপর আজ গতকালের ন্যায় তার সম্মান ফিরে এসেছে। আজ এখানে যারা উপস্থিত আছে তারা যেন আমার বাণী অনুপস্থিত লোকদের নিকট পৌঁছিয়ে দেয়।

## English

It is incumbent on those who are present [in a religious meeting (or conference)] to convey the knowledge to those who are absent

Narrated Sa`id:

Abu Shuraih said, "When `Amr bin Sa`id was sending the troops to Mecca (to fight `Abdullah bin Az- Zubair) I said to him, 'O chief! Allow me to tell you what the Prophet (ﷺ) said on the day following the conquests of Mecca. My ears heard and my heart comprehended, and I saw him with my own eyes, when he said it. He glorified and praised Allah and then said, "Allah and not the people has made Mecca a sanctuary. So anybody who has belief in Allah and the Last Day (i.e. a Muslim) should neither shed blood in it nor cut down its trees. If anybody argues that fighting is allowed in Mecca as Allah's Messenger (ﷺ) did fight (in Mecca), tell him that Allah gave permission to His Apostle, but He did not give it to you. The Prophet (ﷺ) added: Allah allowed me only for a few hours on that day (of the conquest) and today (now) its sanctity is the same (valid) as it was before. So it is incumbent upon those who are present to convey it (this information) to those who are absent." Abu- Shuraih was asked, "What did `Amr reply?" He said `Amr said, "O Abu Shuraih! I know better than you (in this respect). Mecca does not give protection to one who disobeys (Allah) or runs after committing murder, or theft (and takes refuge in Mecca)."

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১০৫

ইসলামিক সেন্টারঃ ১০২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু শুরায়ত (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88785>

₹ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন